

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৩০২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৮৭]

৮. কিতাবুস্ সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ মদীনার রাস্তাসমূহে যে সমস্ত মসজিদ রয়েছে এবং যে সকল স্থানে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম নামায পড়েছেন

بَابُ الْمَسَاجِدِ الَّتِي عَلَى طُرُقِ الْمَدِينَةِ

আরবী

الله وَحَدَّث عَبْدُ الله : أَنَّ النَّبِيَّ كَانَ يَنْزِلُ تَحْتَ سَرْحَةٍ ضَخْمَةٍ، دُونَ الرُّوَيْثَةِ، عَنْ يَمِينِ الطَّرِيقِ وَوِجَاهَ الطَّرِيقِ، فِي مَكَانٍ بَطْحٍ سَهْل، حَتَّى يُفْضِيَ مِنْ أَكَمَةٍ دُوَيْنَ بَرِيدِ للرُّويْثَةِ بِمِيلَيْن، وَقَدِ انْكَسَرَ أَعْلاهَا فَانْثنَى فِي جَوْفِهَا، وَهِيَ قَائِمَةٌ عَلَى سَاقٍ، وَفِي سَاقِهَا كُثُبٌ كَثِيرَةٌ. (بخارى: الله عَلَى الله عَلَى

বাংলা

৩০২) আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) বর্ণনা করেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রুয়াইছার নিকটবর্তী স্থানে রাস্তার ডান দিকে এবং ডান দিকে প্রশস্ত সমতল ভূমিতে বড় একটি গাছের নীচে অবতরণ করতেন এবং তিনি ঐ টিলা ছেড়ে চলে যেতেন যা রুয়াইছার ডাক ঘরের দুই মাইল দূরত্বে অবস্থিত। গাছটির উপরের অংশ ভেঙ্গে গিয়ে ভেতরে ঢুকে পড়েছে। তা সত্ত্বেও গাছটি এখনও কান্ডের উপর দাঁড়ানো আছে। গাছটির গোড়ায় অনেকগুলো বালুর স্তুপ রয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন